কোটচাঁদপুরে বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া ও আলোচনা সভা

কোটচাঁদপুরে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে পিজন ক্লাবে এ দোয়া মাহফিল ও আলোচনা সভা করা হয়।

কোটচাঁদপুর পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি আব্দুর রাজ্জাক।

প্রধান বক্তা হিসেবে আলোচনা সভায় বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৩ আসনের বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী মেহেদী হাসান রনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপি’র সহ-সভাপতি আবু বকর বিশ্বাস, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হারুন আর রশিদ, সাবেক উপজেলা চেয়ারম্যান একরামুল হক, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন।

সভা শেষে দোয়া অনুষ্ঠান ও বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন, কোটচাঁদপুর ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রের মহতামিম মাওলানা নুরুন্নবী আশিকী।

কোটচাঁদপুরে স্বামীর বিরুদ্ধে স্ত্রীর সংবাদ সম্মেলন

স্ত্রীর অধিকার চেয়ে স্বামীর বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছেন ভুক্তভোগী নারী শেফালী খাতুন। বুধবার সকালে কোটচাঁদপুর পৌর পাঠাগারে এ সংবাদ সম্মেলন করেন তিনি। শেফালী খাতুন স্থানীয় বাসস্ট্যান্ডপাড়া এলাকার মতিয়ার রহমানের মেয়ে।

লিখিত বক্তব্যে তিনি বলেন, আমি কোটচাঁদপুর মিনার ডেকোরেটরে রান্নার কাজ করি। সেই সুবাদে সাকিলের সঙ্গে আমার পরিচয় হয়। ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকে সে নিয়মিত আমার বাড়িতে যাতায়াত শুরু করে। বিয়ের প্রলোভন দেখিয়ে আমার সঙ্গে শারীরিক সম্পর্ক গড়ে তোলে। পরে বিষয়টি জানাজানি হয়ে যায়।

তিনি আরও বলেন, আমি তখন তাকে বিয়ের জন্য চাপ দিলে সাকিল স্থানীয় একটি মসজিদের হুজুর ডেকে এনে আমাকে বিয়ে করে। এরপর প্রায় ৮-৯ মাস আমরা স্বামী-স্ত্রী হিসেবে একসঙ্গে বসবাস করি। এ সময় সে আমার কাছ থেকে নগদ সাড়ে ৪ লাখ টাকা, একটি মোবাইল ফোন ও স্বর্ণালংকার হাতিয়ে নেয়। পরে ধীরে ধীরে আমাকে এড়িয়ে চলতে শুরু করে।

শেফালী খাতুন অভিযোগ করে বলেন, সম্প্রতি আমি স্ত্রী পরিচয় নিয়ে তার বাড়িতে গেলে সাকিল ও তার মা আমাকে মারধর করে বাড়ি থেকে বের করে দেন। এরপর কেউ জিজ্ঞেস করলে সে আমাকে তার স্ত্রী বলে অস্বীকার করতে থাকে।

তিনি বলেন, বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানায় যেতে চাইলে স্থানীয় এক কাউন্সিলর বিষয়টি মীমাংসা করে দেওয়ার আশ্বাস দেন। কিন্তু কোনো সমাধান না হওয়ায় আমি আপনাদের শরণাপন্ন হয়েছি। আপনারা ঘটনাটি সংবাদ মাধ্যমে তুলে ধরুন, যাতে দেশের মানুষ জানতে পারে।

শেফালী খাতুন বলেন, হয় সাকিল আমাকে স্ত্রী হিসেবে মর্যাদা দিয়ে সঙ্গে রাখবে, নতুবা আমার কাছ থেকে নেওয়া টাকা, মোবাইল ও স্বর্ণালংকার ফেরত দেবে। তা না হলে আমি আদালতে মামলা করবো।

তিনি আরও জানান, তার বয়স ৩০ বছর। তিনি পেশায় একজন রান্নার কর্মী এবং এক সন্তানের জননী।

এ বিষয়ে অভিযুক্ত সাকিল হোসেন বলেন, শেফালির সঙ্গে আমার কোনো সম্পর্ক নেই। কেউ আমার সম্মান ক্ষুণ্ন করার জন্য তাকে দিয়ে এসব করাচ্ছে। আমি তার কাছ থেকে কোনো টাকা বা মালামাল নিইনি। তার আনা সব অভিযোগ মিথ্যা ও বানোয়াট।

সাকিল আহম্মেদ কোটচাঁদপুর পৌর শহরের পশু হাসপাতালপাড়া এলাকার পিরু আহম্মেদের ছেলে। তিনি কোটচাঁদপুর মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন বলে জানা গেছে।

এ বিষয়ে কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদুজ্জামান বলেন, এ ঘটনায় এখন পর্যন্ত থানায় কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি।

কোটচাঁদপুরে মুদি দোকানে ভ্রাম্যমাণ আদালতের জরিমানা

কোটচাঁদপুর উপজেলা প্রশাসন কর্তৃক বিভিন্ন মুদি দোকানে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল মঙ্গলবার কোটচাঁদপুর শহরের চৌগাছা স্ট্যান্ডে বিভিন্ন মুদি দোকানে এ অভিযান পরিচালনা করা হয়।

এসময় ২ জন দোকান মালিককে মোট দুই হাজার টাকা জরিমানা করা হয়েছে। এজাজ আহমেদকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ধারা মোতাবেক এক হাজার টাকা এবং নাফিসকে একই আইনে এক হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতে অভিযান পরিচালনা করেন, কোটচাঁদপুর উপজেলা সহকারী কমিশনার ভুমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্টেট সোহেল রানা। এসময় উপজেলা ভূমি অফিসের সার্টিফিকেট পেশকার সুব্রত মন্ডলসহ কোটচাঁদপুর মডেল থানা পুলিশের একটি চৌকস দল উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে বিশিষ্ট ব্যাক্তিবর্গের সম্মাননা স্মারক প্রদান করেছেন শিশু নিলয় ফাউন্ডেশন

১১ বছরের ধারাবাহিকতায় এ বছরও বিশিষ্ট ব্যাক্তিবর্গের সম্মাননা স্মারক প্রদান করেছেন শিশু নিলয় ফাউন্ডেশন। গতকাল মঙ্গলবার বিকেলে কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে আনুষ্ঠিকভাবে এ সম্মাননা স্মারক প্রদান হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, শিশু নিলয় ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসুচীর আওতায় ২০১৪ সাল থেকে উপজেলা পর্যায়ে বিশিষ্ট ব্যক্তি বর্গের সম্মাননা প্রদান করে আসছে সংস্থাটি। এর ধারাবাহিকতায় গতকাল মঙ্গলবার কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ সম্মাননা স্মারক প্রদান করা হয়। যার মধ্যে রয়েছেন, সমাজসেবক হিসেবে আলী আকবর, বিশিষ্ট সাংবাদিক হিসেবে সুব্রত কুমার, রোকনুজ্জামান ও সাংস্কৃতিক ব্যাক্তিত্ব হিসেবে ইউনুস আলী মোল্লা, শিক্ষক মফিজুর রহমান ও মশিয়ার রহমান।

এছাড়া যুব সম্মাননা স্মারক পান শিমুল হাসান, শাকিল খান, উজ্জাল হোসেন এবং যুব মহিলা হিসেবে পান, সুমি খাতুন, সাদিয়া ইসলাম, সাথী আনতারা।

এছাড়া ওই অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার বিতরণ করা হয় তারুণ্যের উৎসবে আয়োজিত খেলায় বিজয়ীদের মাঝেও।

এ সময় অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বলুহরের শেখ মোজাফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মশিয়ার রহমান, শিশু নিলয় ফাউন্ডেশনের সমন্বয়কারী বজলুর রশিদ, ম্যানেজার রাকিবুল হাসান, জোনাল হিসাব রক্ষক নুরুল আমিন, সহকারি উপজেলা প্রগাম

অফিসার সবুজ আহম্মেদ, স্বাস্থ্য কর্মকর্তা মোতালেব হোসেন।

১৮ বছর ধরে বৃত্তি দিয়ে আসছে কোটচাঁদপুরের অরাজনৈতিক সংগঠন আসিশ

দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের স্বপ্ন পূরণে ১৮ বছর ধরে বৃত্তি দিয়ে আসছে ‘আসিশ’ নামের একটি অরাজনৈতিক সংগঠন। এর ধারাবাহিকতায় বুধবার কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে বৃত্তি পরীক্ষা।

সামনের দিনগুলোতেও এ কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানিয়েছেন সংগঠনের সভাপতি ইসাহক আলী।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের পড়ালেখা অব্যাহত রাখতে ২০০৭ সালে ‘আসিশ’ নামের অরাজনৈতিক সংগঠনটি প্রতিষ্ঠিত হয়। হাঁটি হাঁটি পা পা করে সংগঠনটি আজ ১৮ বছরে পদার্পণ করেছে। এ বছরও শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের লক্ষ্যে বুধবার সকালে কোটচাঁদপুর পাইলট বালিকা বিদ্যালয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

এ বছর ওই পরীক্ষায় ৫টি বিদ্যালয়ের ৬৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এর মধ্যে কোটচাঁদপুর পাইলট বালিকা বিদ্যালয়ের ৩৬ জন, বলুহর শেখ মোজাফফরের ৭ জন, শেরখালী বিদ্যালয়ের ১ জন, কোটচাঁদপুর বালক বিদ্যালয়ের ৫ জন এবং হাকিমপুর একটি বিদ্যালয়ের ১৬ জন শিক্ষার্থী অংশ নেন।

এ বিষয়ে ‘আসিশ’ এর সভাপতি ইসাহক আলী বলেন, স্বপ্নের শুরুটা হয় ৫ম ও ৮ম শ্রেণিতে বৃত্তি না পাওয়ার বেদনা থেকে। আর সেই স্বপ্ন বাস্তবায়নের কাজ শুরু হয় এইচএসসিতে বোর্ড বৃত্তি পাওয়ার পর। সালটা ছিল ১৯৮৯। মাত্র ৪০০ টাকা জমিয়ে সিদ্ধান্ত নিই এই টাকা থেকে কিছু কিছু করে দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের সহায়তা করব।

তিনি আরও বলেন, আমি নিজেও একটি হতদরিদ্র পরিবারের সন্তান। সে কারণেই ২০০৭ সালে আমার বাবা মারা যাওয়ার পর আমার জীবনে বড় ভূমিকা রাখা মা, বাবা, বাবাতুল্য এক ভারতীয় বৃদ্ধ ব্যক্তি এবং আরও একজন বিশেষ ব্যক্তিত্বসম্পন্ন মানবিক মানুষের নামের সমন্বয়ে ‘আসিশ’ নামে একটি অরাজনৈতিক সংগঠন প্রতিষ্ঠা করা হয়। শুরু থেকেই প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে ছাত্র-ছাত্রী বাছাই করে আর্থিক সহায়তা ও সনদ প্রদান করা হয়ে থাকে। এর ধারাবাহিকতায় এ বছরও বৃত্তি প্রদানের লক্ষ্যে পরীক্ষা নেওয়া হয়েছে।

এছাড়াও সংগঠনটি প্রতি বছর দরিদ্র ও অসহায়দের শীতবস্ত্র ও নগদ অর্থ সহায়তা প্রদান করে আসছে। এ পর্যন্ত প্রায় এক হাজার শিক্ষার্থীকে ক্রেস্ট, অর্থ ও সনদ প্রদান করা হয়েছে। সামনের দিনগুলোতেও এ কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানান তিনি।

ইসাহক আলী কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তিনি উপজেলার তালসার গ্রামের মৃত আশরাফ আলী মিয়াজির ছেলে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার বলেন, বিধি অনুযায়ী শিক্ষকরা বেশ কিছু কাজের সঙ্গে যুক্ত হতে পারেন না, তবে এটি সেই কাজগুলোর মধ্যে পড়ে না। সেহেতু তিনি এ কাজ করতেই পারেন। এটি একটি অত্যন্ত ভালো উদ্যোগ। এর মাধ্যমে সমাজের ঝরে পড়া দরিদ্র শিক্ষার্থীরা পড়ালেখায় উৎসাহ পাচ্ছে এবং ফিরে আসার সুযোগ পাচ্ছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা এনামুল হাসান বলেন, এ ধরনের আয়োজন অবশ্যই প্রশংসার দাবিদার। এটি সমাজের ঝরে পড়া দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আবারও পড়ালেখায় ফিরিয়ে আনতে সহায়ক ভূমিকা রাখবে।

কোটচাঁদপুর জীবন উন্নয়ন

সংস্থার প্রাথমিক বৃত্তি পরীক্ষা

কোটচাঁদপুরে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে ‘জীবন উন্নয়ন সংস্থা’র উদ্যোগে ২০২৫ সালের প্রাথমিক শিক্ষা বৃত্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। মঙ্গলবার শহরের সানরাইজ প্রি-ক্যাডেট স্কুলে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

শিক্ষা ও মেধা বিকাশের লক্ষ্যে আয়োজিত এ পরীক্ষায় ঝিনাইদহ জেলার বিভিন্ন কিন্ডারগার্টেন ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। সংস্থা সূত্রে জানা গেছে, এবারের বৃত্তি পরীক্ষায় বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ২৮০ জন শিক্ষার্থী অংশ নেয়।

পরীক্ষা চলাকালীন কেন্দ্র পরিদর্শন করেন জীবন উন্নয়ন সংস্থার শিক্ষা বৃত্তি কমিটির সভাপতি উপজেলা সমাজসেবা অফিসার মো. বসির আহম্মেদ, শিক্ষা বৃত্তি কমিটির সাধারণ সম্পাদক মো. মফিজুর ইসলাম এবং স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ।

কেন্দ্র পরিদর্শন শেষে তারা জানান, কোমলমতি শিক্ষার্থীদের মেধা যাচাই এবং প্রতিযোগিতামূলক মনোভাব তৈরির লক্ষ্যেই এ বৃত্তির আয়োজন করা হয়েছে। সুন্দর ও মনোরম পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় অভিভাবকরাও সন্তোষ প্রকাশ করেছেন।

জীবন উন্নয়ন সংস্থার পক্ষ থেকে জানানো হয়, অতি দ্রুত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে এবং উত্তীর্ণ মেধাবী শিক্ষার্থীদের আনুষ্ঠানিকভাবে বৃত্তি ও সনদ প্রদান করা হবে।

কোটচাঁদপুরে সাপ্তাহিক

দিগন্তবাণী’র ১৬তম বর্ষে পাঠক সমাবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুরে গতকাল সাপ্তাহিক দিগন্তবাণী পত্রিকার ১৬তম বর্ষে পদার্পণ উপলক্ষে এক পাঠক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ অধ্যক্ষ আলহাজ্ব মোঃ মহসীন আলী বলেন, সত্যের প্রশ্নে দিগন্তবাণী আপোষহীন। সাহসের সঙ্গে অন্যায়ের প্রতিবাদ করাই এই পত্রিকার মূল বৈশিষ্ট্য। “সত্যের সন্ধানে মানবকল্যাণে” এই স্লোগানকে ধারণ করে দিগন্তবাণী তার ১৬তম বর্ষে এগিয়ে চলেছে। এ কারণেই সত্যনিষ্ঠ ও সৎ মানুষরা এই পত্রিকাকে হৃদয় দিয়ে ভালোবাসেন।

স্থানীয় কোটচাঁদপুর প্রেসক্লাব কার্যালয়ে দিগন্তবাণী সম্পাদক আলহাজ্ব মুহা. শাহ জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ আলহাজ্ব মোঃ মহসীন আলী।

অন্যান্য অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন কোটচাঁদপুর পৌরসভার কাউন্সিলর আব্দুল মাজেদ, সিনিয়র সাংবাদিক বিমল ভৌমিক, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি মঈন উদ্দিন খান, জিটি কলেজের সহকারী অধ্যাপক আলতাফ হোসেন, পৌর কলেজের প্রভাষক মোফাজ্জেল হোসাইন, বারবাজার আলিম মাদ্রাসার সহকারী অধ্যাপক আব্দুল খালেক, দিগন্তবাণী’র অস্ট্রেলিয়া প্রতিনিধি নুরুল ইসলাম, প্রকৌশলী মোঃ রুহুল আমিন, শিক্ষক মোঃ আফসার উদ্দিন, সাংবাদিক মোঃ রফিকুল ইসলাম, কামাল হাওলাদার, বিএম ওয়াদুদ, সিরাজুল ইসলাম মল্লিক, পাঠক মোঃ রুহুল আমিন, বৈষম্যবিরোধী আন্দোলনের শাহরিয়ার অভিক, নাবিল আব্দুল্লাহ আহমাদ, ব্যবসায়ী মনোজ শর্মা, ফারুক হোসেন, মোঃ হোসাইন ও দেলোয়ার হোসেন সাঈদীসহ অন্যান্য পাঠক ও অতিথিবৃন্দ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মোঃ আবদুল হালিম। তিনি পুরো অনুষ্ঠানটি পরিচালনাও করেন। আনন্দঘন পরিবেশে দিগন্তবাণী পত্রিকার পাঠকরা তাদের মতামত ব্যক্ত করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উন্নতমানের খাবার পরিবেশন, এবং বিভিন্ন ধর্মীয় উপাসনালয়ে দেশের শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা। সন্ধ্যায় স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিজয় দিবস উপলক্ষে কোটচাঁদপুর শহরকে বর্ণিল আলোকসজ্জায় সজ্জিত করা হয়েছে, যা সাধারণ মানুষের মধ্যে উৎসবের আমেজ তৈরি করেছে।

কোটচাঁদপুর-তালসার সড়কে ৭৩ হাজার টাকা ছিনতাই

কোটচাঁদপুর-তালসার সড়কের পারলাট ব্রিজের সামনে ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। এ সময় এক কলেজছাত্রের কাছ থেকে ৭৩ হাজার টাকা ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে। ভুক্তভোগী কলেজছাত্র লাবিব পাল্লাট গ্রামের আব্দুর রবের ছেলে।

কলেজছাত্র লাবিব জানান, তিনি যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ছাত্র। পাশাপাশি তিনি অনলাইনে কাজ করেন।

কিছুদিন আগে শখের মোবাইল ফোন বিক্রি করে ওই টাকা ব্যাংকে জমা রাখেন। সোমবার সন্ধ্যা ৬টার দিকে ব্যাংক বুথ থেকে টাকা তুলে বাইসাইকেলযোগে বাড়ি ফিরছিলেন তিনি। এ সময় কোটচাঁদপুর–তালসার সড়কের পারলাট ব্রিজের সামনে পৌঁছালে পেছন থেকে দুটি মোটরসাইকেলে এসে দুর্বৃত্তরা তার গতিরোধ করে।

তিনি আরও বলেন, দুর্বৃত্তরা তার কাছে টাকা দাবি করে। টাকা দিতে অস্বীকৃতি জানালে তাকে মারধর করে পাশের আখক্ষেতে নিয়ে গিয়ে ৭৩ হাজার টাকা ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়।

লাবিবের বাবা আব্দুর রব বলেন, সন্ধ্যা আনুমানিক ৬টা ২৬ মিনিটে তিনি ছেলের মোবাইলে একাধিকবার ফোন করেন, তবে সে সময় ছেলে ফোন ধরেনি। কিছুক্ষণ পর ছেলে ফোন করে ঘটনাটি জানায়। এরপর তিনি

ঘটনাস্থলে গিয়ে ছেলেকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে তারা বাড়ি ফিরে আসেন। ছেলে অসুস্থ থাকায় তাৎক্ষণিকভাবে থানায় বিষয়টি জানানো হয়নি।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদুজ্জামান বলেন, এ ধরনের কোনো ঘটনার বিষয়ে আমি অবগত নই। এখনো পর্যন্ত এ ঘটনায় কেউ কোনো অভিযোগ করেনি। তবে বিষয়টি খোঁজ নিয়ে দেখা হবে।